

জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

অধ্যাপক এ এ মামুন বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস-এর ফেলো নির্বাচিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১ ডিসেম্বর ২০১৯।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক এ এ মামুন পদার্থবিজ্ঞান গবেষণায় বিশেষ অবদানের জন্য বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস-এর ফেলো নির্বাচিত হয়েছেন। ১৭ নভেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস-এর সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়।

অধ্যাপক এ এ মামুন বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস-এর ফেলো নির্বাচিত হওয়ায় উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম তাঁকে আন্তরিক অভিনন্দন জানান এবং শিক্ষা ও গবেষণায় তাঁর সাফল্য কামনা করেন।

মো. আবদুস সালাম মিয়া
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়